

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯৫৬

১/ বিবিধ

আরবী

خير ما أعطي الإنسان الخلق الحسن، وإن شر ما أعطي الإنسان الخلق السيء في الصورة الحسنة، وما كرهت أن يعلمه الناس إذا عملته، فلا تعمله
ضعيف

أخرجه ابن وهب في " الجامع " (ص 65) : أخبرني أشهل بن حاتم عن شعبة بن الحجاج عن أبي إسحاق عن رجل قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره. قلت: وهذا إسناد ضعيف لجهالة الرجل الذي لم يسم، وما استظهره المناوي أنه صحابي، ليس بظاهر، كيف ولو كان كذلك لصرح أبو إسحاق - وهو السبيعي - بذلك، بل إن عدم تصريحه بذلك يدل على أنه لم يعرف كونه صحابيا، وإلا لم يعمه علينا إن شاء الله تعالى. وأشهل بن حاتم صدوق يخطيء كما في " التقريب ". والحديث أورده السيوطي من رواية ابن أبي شيبه دون الشطر الثاني منه. لكن طرفا الحديث قد ثبتا من طرق أخرى، من حديث أسامة بن شريك، والأول إسناده صحيح وصححه ابن حبان والحاكم كما في تخريجي " للمشكاة " (5079)، والآخر حسن لغيره كما بينته في الكتاب الآخر (1055)

বাংলা

১৯৫৬। সর্বোত্তম যা কিছু মানুষকে দেয়া হয়েছে তা হচ্ছে ভালো চরিত্র। আর সর্বনিকৃষ্ট যা কিছু মানুষকে দেয়া হয়েছে তা হচ্ছে ভালো আকৃতিতে মদ চরি। আর তুমি যখন এমন কোন কর্মকরবে বা মানুষ কর্তৃক জানাকে তুমি অপছন্দ কর তখন তুমি সে কর্ম করো না।

হাদীসটি দুর্বল।

হাদীসটিকে ইবনু ওয়াহাব “আলজামে” গ্রন্থে (পৃঃ ৬৫) আশহাল ইবনু হাতেম হতে, তিনি শুবা ইবনুল হাজ্জাজ হতে, তিনি আবু ইসহাক হতে, তিনি এক ব্যক্তি হতে, তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল, নাম না-নেয়া ব্যক্তি অজ্ঞাত হওয়ার কারণে। মানবী যে বলেছেনঃ তিনি হচ্ছেন সাহাবী। তা স্পষ্ট নয়। তাই যদি হতো তাহলে আবু ইসহাক সুবায়ঈ তা স্পষ্ট করতেন। তার স্পষ্ট না করাই প্রমাণ করছে যে তিনি সাহাবী কিনা আবু ইসহাক তা অবগত হনি।

আর আশহাল ইবনু হাতেম সত্যবাদী ভুলকারী যেমনটি “আততাকরীব” গ্রন্থে এসেছে। সুযুতী ইবনু আবী শাইবার বর্ণনা হতে দ্বিতীয় অংশ ছাড়া হাদীসটিকে উল্লেখ করেছেন।

তবে হাদীসটির দু’ধার (প্রথম এবং শেষ) বিভিন্ন সূত্রে সাব্যস্ত হয়েছে উসামাহ ইবনু শারীকের হাদীস হতে। প্রথম অংশের সনদ সহীহ। সেটিকে ইবনু হিব্বান ও হাকিম সহীহ আখ্যা দিয়েছেন যেমনটি “মিশকাত” গ্রন্থে (৫০৭৯) এর তাখরীজ করা হয়েছে। আর শেষোক্ত অংশ হচ্ছে হাসান লিগাইরিহি। যেমনটি অন্য গ্রন্থের মধ্যে (সহীহাহ) (১০৫৫) বর্ণনা করেছি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72839>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন